# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 08 May, 2025

নেত্রকোণার পূর্বধলা উপজেলায় ধানক্ষেত থেকে রুবেল মিয়া (২৫) নামের এক যুবকের গলাকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ। নিহত রুবেল উপজেলার আগিয়া ইউনিয়নের বুধি পূর্বপাড়া গ্রামের আবুল কাশেমের একমাত্র ছেলে। তিনি পেশায় ভাড়ায় মোটরসাইকেল চালাতেন।দাম্পত্য জীবনে তাঁর স্ত্রী ও দুই সন্তান রয়েছে।

বৃহস্পতিবার (৮ মে) বিকেলে উপজেলার জারিয়া ইউনিয়নের নওয়াপাড়া ও ছনধরা গ্রামের মাঝামাঝি বেহি বিলের পাশের ধানক্ষেতে একটি বস্তায় বাঁধা দুই পা ও গলা কাটা অবস্থায় রুবেলের রক্তাক্ত মরদেহ পাওয়া যায়।

পরিবার সূত্রে জানা গেছে, বুধবার রাত ১২টার পর থেকে রুবেলের কোনো খোঁজ পাওয়া যাচ্ছিল না।একপর্যায়ে বৃহস্পতিবার বিকেলে ধানক্ষেতে তার লাশ উদ্ধার হয়।পরে পরিবারের সদস্যরা এসে মরদেহ শনাক্ত করেন।স্থানীয়দের ধারণা, মোটরসাইকেল ছিনিয়ে নিতে তাকে হত্যা করা হয়ে থাকতে পারে।

জারিয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. হীরা মিয়া জানান, দুপুরে কয়েক শিশু ধানক্ষেতে মাছ ধরতে গিয়ে লাশ দেখতে পায়।খবর পেয়ে তিনি স্থানীয়দের নিয়ে ঘটনাস্থলে পৌঁছান এবং পুলিশকে খবর দেন।

নিহতের বাবা আবুল কাশেম বলেন, “গতকাল রাত সাড়ে ৮টায় রুবেল বাড়ি থেকে বের হয়ে আর ফেরেনি। সারারাত খোঁজাখুঁজির পর আজ বিকেলে জানতে পারি ধানের জমিতে তার

মরদেহ পড়ে রয়েছে।”

পূর্বধলা থানার ওসি মো. নূরুল আলম বলেন, “মরদেহটি উদ্ধার করে সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। ময়নাতদন্তের জন্য মরদেহ নেত্রকোণা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে। ঘটনার তদন্ত চলছে এবং পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।”

এই মর্মান্তিক ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

লাশ উদ্ধার, পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:01

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758072177